দৈনিক সংবাদ

তারিখ 22 SEP 1988
পৃষ্ঠা ... কলাম ...

019

কেজি ও বেসরকারী স্কুল

# পাঠ্যসূচীভুক্ত পুস্তক সরকার অনুমোদিত হতে হবে

১৯৮৯ শিক্ষা বর্ষ থেকে দেশের বিভিন্ন ইংরেজী মাধ্যম, কিণ্ডারগার্টেন ও বেসরকারী বিদ্যালয়গুলোর পাঠ্যসূচী এবং পাঠ্যসূচীর অন্তর্ভুক্ত সকল পুস্তক সরকারের অনুমোদন সাপেক্ষ হতে হবে।

ইতিপূর্বে এসব শিক্ষা প্রতিষ্ঠানের পাঠ্যসূচী ও পাঠ্যসূচীর অন্তর্ভুক্ত বইগুলো পরীক্ষা করে অনুমোদন করার জন্য সরকার জাতীয় শিক্ষাক্রম ও টেকস্ট

(শেষ পৃ: ১-এর ক: দ্র:)

## পাঠ্যসূচীভুক্ত পুস্তক

(১ম পাতার পর)

বুক বোর্ডের চেয়ারম্যানকে সভাপতি করে পাঁচ সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করেন। কমিটি ইংরেজী মাধ্যম, কিণ্ডারগার্টেন সহ বেসরকারী স্কুলসমূহের বিভিন্ন শ্রেণীতে যে সকল পাঠ্যপুস্তক পড়ানো হয় তা সংগ্রহ ও পরীক্ষা করে নির্ধারিত পুস্তকসমূহের যে তালিকা প্রণয়ন ও সুপারিশ পেশ করেন সরকার তা ইতিমধ্যেই অনুমোদন করেছেন। কমিটি গতকাল আনুষ্ঠানিকভাবে শিক্ষামন্ত্রীর নিকট রিপোর্ট পেশ করেন।

সরকার কর্তৃক অনুমোদিত পাঠ্যপুস্তকসমূহের তালিকা ঢাকার মতিঝিলস্থ জাতীয় শিক্ষাক্রম ও টেকস্টবুক বোর্ডের চেয়ারম্যানের নিকট থেকে সংগ্রহ করা যাবে। উল্লেখিত তালিকা বহির্ভূত কোন পুস্তক পড়াতে হলে পূর্বেই কমিটির অনুমোদন নিতে হবে।

কমিটির অনুমোদন ছাড়া কোন পুস্তক পাঠ্যসূচীর অন্তর্ভুক্ত করা হলে তা আইন অনুযায়ী দণ্ডনীয় হবে। খবর তথ্য বিবরণীর।